

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

০২/কল/সাব/৭৭/২৫

তারিখ-

২৩/১/১৯

প্রেরক : চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : রেজিষ্টার
বাংলাদেশ সুপ্রিম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা-১১০০

বিষয় : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নম্বর-৪০৩৫/২০১৯ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন-৫১৪/২০১৯ এর নির্দেশনা অনুসারে গৃহীত পদক্ষেপসমূহ অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : অত্র শিক্ষা বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার গত ১৯/০৯/২০১৯ খ্রী: তারিখের মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন চরনবীপুর নুরজাহান মযহার স্কুল এন্ড কলেজের নবগঠিত গভর্নিংবডি অনুমোদনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে জনৈক মো: ফজলুল হক সহ অপর একজন মহামান্য হাইকোর্টে ৪০৩৫/২০১৯ নং রিট পিটিশন দায়ের করলে মাননীয় আদালত তার গত ০৯/০৪/২০১৯খ্রী: তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনা মোতাবেক গত ০৮/০৮/২০১৯খ্রী: তারিখে অত্র বোর্ডে একটি নিষ্পত্তি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাব মো: ফজলুল হক সাহেব বিনা তদ্বিরে গরহাজির থাকেন। নিষ্পত্তি সভা ন্যায় বিচারের স্বার্থে আবেদনটি নিষ্পত্তির জন্য দিনান্তরিত করেন। ইতিমধ্যেই তিনি (মো: ফজলুল হক) মহামান্য হাইকোর্টে ৫১৪/২০১৯ নম্বর কনটেম্পট পিটিশন দায়ের করলে মাননীয় আদালত ১১/০৯/২০১৯খ্রী: তারিখের মধ্যে কারণ দর্শানোর জন্য মাননীয় চেয়ারম্যানকে নির্দেশ দেন। উল্লেখ্য, আদালতের উক্ত নির্দেশ চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী গত ১৮/০৯/২০১৯খ্রী: তারিখে অবগত হন। এমতাবস্থায়, শিক্ষা বোর্ডের ডিসপোজ কমিটি দ্রুততম সময়ের মধ্যে পুনরায় একটি নিষ্পত্তি সভা ডেকে বিষয়টি সুরাহা করবে। উদ্ধৃত পরিস্থিতি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর

তারিখ:

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

- ১। এ্যাড. সেলিনা আক্তার
বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগ
রুম নং-৮০৩, এনেক্স এক্সটেনশন বিল্ডিং
সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন ভবন, ঢাকা-১১০০
- ২। অধ্যক্ষ, চরনবীপুর নুরজাহান মযহার স্কুল এন্ড কলেজ
ডাক-চরনবীপুর, উপজেলা-শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ
- ৩। মো: ফজলুল হক, পিতা মৃত মফিজ উদ্দিন
গ্রাম ও ডাক-চরনবীপুর, উপজেলা-শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ

কো:সী:-১০

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

০১/কল/রাজ/৪৩০(২য়)/৪৬০

তারিখ

২৪/০৩/১৯

প্রেরক :

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক :

সভাপতি, গভর্নিং বডি
দ্বীপনগর কলেজ
ডাক-দ্বীপনগর, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী

বিষয় : মোঃ আব্দুল লতিফ সরকার কে অধ্যক্ষ পদে পুনর্বহাল না করায় কৈফিয়ত তলব প্রসঙ্গে।

সূত্র : মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নম্বর-১৭২৬/২০১৯ এর সর্বশেষ নির্দেশনা, অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার গত ১৪/০৯/২০১৯ খ্রী: তারিখের মতামত এবং অত্র দপ্তর হতে প্রেরিত পত্র যার স্মারক নম্বর-০১/কল/রাজ/৪৩০(২য়)/৪১৩, তারিখ-১৭/০৯/২০১৯ খ্রী:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের স্মারক নম্বর-আরবিট্রেশন-১২১৭/৭৫১(৩), তারিখ-১৮/০১/২০১৮ খ্রী: মোতাবেক প্রেরিত পত্রের নির্দেশনা বাস্তবায়ন করতে আইনগত কোন বাধা না থাকা সত্ত্বেও কেন জনাব মোঃ আব্দুল লতিফ সরকার-কে অধ্যক্ষ পদে পুনর্বহাল করত: তার বরখাস্তকালীন সময়ের সমূদয় বকেয়া বেতন-ভাতা প্রদান করা হচ্ছে না, সেটি বোধগম্য নয়। এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জনাব মোঃ আব্দুল লতিফ সরকারকে অধ্যক্ষ পদে পুনর্বহাল করত: তার বরখাস্তকালীন সময়ের সমূদয় বকেয়া বেতন-ভাতা প্রদান করার জন্য আপনাকে শেষ বারের মত নির্দেশ দেয়া হলো। অন্যথায়, আপনার প্রতিষ্ঠানের চলমান গভর্নিং বডি বাতিল করত: কলেজটির স্বীকৃতি স্থগিত করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মো: হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২. জেলা প্রশাসক, রাজশাহী
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী
৪. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
৫. মোঃ আব্দুল লতিফ সরকার
অধ্যক্ষ, দ্বীপনগর কলেজ
ডাক-দ্বীপনগর, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী
৬. মোছা: নাসিমা খানম
ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সাবেক)
দ্বীপনগর কলেজ, ডাক-দ্বীপনগর, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী
৭. ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, ভবানীগঞ্জ শাখা
বাগমারা, রাজশাহী

জ:-০০১

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী